# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## মন্ত্রণালয়/বিভাগের নাম: সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

**বিষয়: ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ চালু অব্যাহত রাখার প্রত্যয়ন (চতুর্থ ত্রৈমাসিক)**

**সূত্র: সুরক্ষা সেবা বিভাগের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ১.২.১**

| ক্রমিক নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম (চালুর তারিখসহ) | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | Prison Inmate Database System (PIDS ব্যবহার করে বিভিন্ন দিবসে বন্দি মুক্তির সুপারিশ প্রণয়ন<br><br>চালুর তারিখ:<br>১৫ মে ২০২৪ | দেশের কারাগারসমূহে আটক বন্দিদের অস্বাভাবিক ভীড় হ্রাসকরণের লক্ষ্যে স্বাধীনতা ও জাতীয় দিবস, বিজয় দিবস, ঈদুল ফিতর ও ঈদুল আযহার প্রাক্কালে দেশের কারাগারসমূহে আটক যাবজ্জীবন ব্যতীত লঘু অপরাধে দন্ডিত কয়েদিদের মধ্যে অর্ধেকের বেশী সময়কাল সাজা ভোগকারী, অচল, অক্ষম, দৃষ্টি-শক্তি নষ্ট বা প্রায় অকেজো হয়ে গেছে, দুরারোগ্য মরণ ব্যাধিতে আক্রান্ত হয়েছে এরুপ কয়েদীদের অপরাধ ও শর্ত নির্বিশেষে মুক্তির জন্য সুপারিশ প্রণয়নের লক্ষ্যে কারা অধিদপ্তরের Prison Inmate Database System (PIDS এ বন্দি/কয়েদির বিদ্যমান তথ্যের সাথে নতুন করে ভোগকৃত দন্ড, রেয়াত, অবশিষ্ট দন্ড, মুক্তির সম্ভাব্য তারিখ, আপীল পেন্ডিং থাকলে তার | হ্যাঁ | হ্যাঁ | কারাগারে বন্দিদের তথ্যের নিরাপত্তার নিমিত্ত সফটওয়্যারটি পাবলিক লিংকে প্রকাশ করা নেই। প্রাইভেট নেটওয়ার্কের মাধ্যমে সফটওয়্যারটি পরিচালিত হচ্ছে। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | বিবরণ, কারাবাসকালীন আচরণ, অচল ও অক্ষম বা গুরুতর অসুস্থ হলে তার স্বপক্ষে মেডিকেল সার্টিফিকেট এবং আইনের যে সব ধারায় বন্দি মুক্তির জন্য বিবেচিত হবে না তার প্রয়োজনীয় তথ্য/ফিল্ড সংযোজন করে মুক্তিযোগ্য কয়েদিদের সংক্ষিপ্ত তালিকা স্বয়ংক্রিয়ভাবে প্রণয়ন করা হচ্ছে। | | | | |
| ২ | আইনানুগ অভিভাবকের তত্ত্বাবধানে বাংলাদেশী শিশুদের বিদেশগমনে অনুমতির আবেদন<br><br>চালুর তারিখ:<br>১৬ জানুয়ারি ২০২৪ | আইনানুগ অভিভাবকের তত্ত্বাবধানে বাংলাদেশী শিশুদের বিদেশগমনের অনুমতির জন্য MyGov প্ল্যাটফর্ম ব্যবহার করে অনলাইনে আবেদন গ্রহণ করা হয়, যা ই-নথি সিস্টেমে গৃহীত হয়। পরবর্তীতে ই-নথির মাধ্যমে আবেদন নিষ্পন্ন করে আইনানুগ অভিভাবকের তত্ত্বাবধানে বাংলাদেশী শিশুদের বিদেশগমনের অনুমতি পত্র আবেদনকারীকে প্রদান এবং সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | www.mygov.bd/services/info?id=BDGS-1700627072 | |
| ৩ | দ্বৈত নাগরিকত্বের সনদপত্র প্রাপ্তির আবেদন<br><br>চালুর তারিখ:<br>২৭ এপ্রিল ২০২৩ | দ্বৈত নাগরিকত্বের সনদপত্র প্রাপ্তির জন্য বাংলাদেশি বংশোদ্ভূত বিদেশী নাগরিকগণ প্রয়োজনীয় ডকুমেন্টসহ অনলাইনে আবেদন দাখিল করতে পারেন। আবেদনকারী আবেদন দাখিলের সময় ডিজিটাল পেমেন্ট গেটওয়ের (সোনালী ব্যাংকের সোনালী পে গেটওয়ে) মাধ্যমে সেবার জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি জমা দিতে পারছেন (যে কোন মোবাইল ব্যাংকিং, ডেবিট/ক্রেডিট কার্ড ব্যবহার করা যাবে)। অনলাইনে পুলিশ প্রতিবেদন সংগ্রহ ও প্রশাসনিক অনুমোদনের পর আবেদনকারীকে ডিজিটাল সনদপত্র (QR Code সম্বলিত) অনলাইনেই প্রদান করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | scs.ssd.gov.bd/auth/google?service=uJ22HZ-m6WQLcwLPFG0nH8phIjz1zT-P3loI6ZD4Jfc | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৪ | স্পেনে গমনেচ্ছু বা অবস্থানরতদের পুলিশ ক্লিয়ারেন্স প্রাপ্তির আবেদন<br><br>চালুর তারিখ:<br>২৭ এপ্রিল ২০২৩ | স্পেনে গমনেচ্ছু বা অবস্থানরতদের পুলিশ ক্লিয়ারেন্স প্রাপ্তির জন্য সেবাপ্রত্যাশি প্রয়োজনীয় ডকুমেন্টসহ অনলাইনে আবেদন দাখিল করতে পারেন। আবেদনকারী আবেদন দাখিলের সময় ডিজিটাল পেমেন্ট গেটওয়ের (সোনালী ব্যাংকের সোনালী পে গেটওয়ে) মাধ্যমে সেবার জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি জমা দিতে পারছেন (যে কোন মোবাইল ব্যাংকিং, ডেবিট/ক্রেডিট কার্ড ব্যবহার করা যাবে)। অনলাইনে পুলিশ প্রতিবেদন সংগ্রহ ও প্রশাসনিক অনুমোদনের পর আবেদনকারীকে ডিজিটাল পুলিশ ক্লিয়ারেন্স সনদ (QR Code সম্বলিত) অনলাইনেই প্রদান করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | scs.ssd.gov.bd/auth/google?service=ExYuKWPvPj9XVBrRZl40glqSAJK_2gC72toOg--WVZA | |
| ৫ | বিনা ভিসায় আগতদের আগমনি ভিসা (Visa on Arrival) প্রাপ্তির আবেদন<br><br>চালুর তারিখ:<br>২৯ ডিসেম্বর ২০২১ | আগমনি ভিসা প্রাপ্তির জন্য MyGov প্ল্যাটফর্ম ব্যবহার করে অনলাইনে আবেদন গ্রহণ করা হয়, যা ই-নথি সিস্টেমে গৃহীত হয়। পরবর্তীতে ই-নথির মাধ্যমে আবেদন নিষ্পন্ন করে আগমনি ভিসার পত্র আবেদনকারীকে প্রদান এবং সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | www.mygov.bd/services/info?id=BDGS-1630773192 | |
| ৬ | বাংলাদেশ নাগরিকত্ব পরিত্যাগ অনুমতির আবেদন<br><br>চালুর তারিখ:<br>২৯ ডিসেম্বর ২০২১ | বাংলাদেশ নাগরিকত্ব পরিত্যাগের অনুমতির জন্য MyGov প্ল্যাটফর্ম ব্যবহার করে অনলাইনে আবেদন গ্রহণ করা হয়, যা ই-নথি সিস্টেমে গৃহীত হয়। পরবর্তীতে ই-নথির মাধ্যমে নিষ্পন্ন করে নাগরিকত্ব পরিত্যাগের অনুমতি পত্র আবেদনকারীকে প্রদান এবং সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | www.mygov.bd/services/info?id=BDGS-1639026018 | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৭ | এসিড উৎপাদনের লাইসেন্স প্রাপ্তির আবেদন<br><br>চালুর তারিখ:<br>১১ এপ্রিল ২০২২ | এসিড উৎপাদনের লাইসেন্স প্রাপ্তির জন্য MyGov প্ল্যাটফর্ম ব্যবহার করে অনলাইনে আবেদন গ্রহণ করা হয়, যা ই-নথি সিস্টেমে গৃহীত হয়। পরবর্তীতে ই-নথির মাধ্যমে আবেদন নিষ্পন্ন করে এসিড উৎপাদনের লাইসেন্স আবেদনকারীকে প্রদান এবং সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | www.mygov.bd/services/info?id=BDGS-1639031944 | |
| ৮ | এসিড উৎপাদনের লাইসেন্স নবায়নের আবেদন<br><br>চালুর তারিখ:<br>১১ এপ্রিল ২০২২ | এসিড উৎপাদনের লাইসেন্স নবায়ন প্রাপ্তির জন্য MyGov প্ল্যাটফর্ম ব্যবহার করে অনলাইনে আবেদন গ্রহণ করা হয়, যা ই-নথি সিস্টেমে গৃহীত হয়। পরবর্তীতে ই-নথির মাধ্যমে আবেদন নিষ্পন্ন করে এসিড উৎপাদনের লাইসেন্সের নবায়ন পত্র আবেদনকারীকে প্রদান এবং সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | www.mygov.bd/services/info?id=BDGS-1652691209 | |
| ৯ | এসিড আমদানির লাইসেন্স প্রাপ্তির আবেদন<br><br>চালুর তারিখ:<br>১১ এপ্রিল ২০২২ | এসিড আমদানির লাইসেন্স প্রাপ্তির জন্য MyGov প্ল্যাটফর্ম ব্যবহার করে অনলাইনে আবেদন গ্রহণ করা হয়, যা ই-নথি সিস্টেমে গৃহীত হয়। পরবর্তীতে ই-নথির মাধ্যমে আবেদন নিষ্পন্ন করে এসিড আমদানির লাইসেন্স আবেদনকারীকে প্রদান এবং সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | www.mygov.bd/services/info?id=BDGS-1649301820 | |
| ১০ | এসিড আমদানির লাইসেন্স নবায়নের আবেদন<br><br>চালুর তারিখ:<br>১১ এপ্রিল ২০২২ | এসিড আমদানির লাইসেন্স নবায়ন প্রাপ্তির জন্য MyGov প্ল্যাটফর্ম ব্যবহার করে অনলাইনে আবেদন গ্রহণ করা হয়, যা ই-নথি সিস্টেমে গৃহীত হয়। পরবর্তীতে ই-নথির মাধ্যমে আবেদন নিষ্পন্ন করে এসিড আমদানির লাইসেন্সের নবায়ন পত্র আবেদনকারীকে প্রদান এবং সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | www.mygov.bd/services/info?id=BDGS-1557810119 | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১১ | ICRC (International Committee of the Red Cross) কর্তৃক কারাগার পরিদর্শনের নিমিত্ত ছাড়পত্র প্রদানের আবেদন<br><br>চালুর তারিখ:<br>১৯ ডিসেম্বর ২০১৯ | ICRC কর্তৃক কারাগার পরিদর্শনের নিমিত্ত ছাড়পত্র প্রাপ্তির জন্য MyGov প্ল্যাটফর্ম ব্যবহার করে অনলাইনে আবেদন গ্রহণ করা হয়, যা ই-নথি সিস্টেমে গৃহীত হয়। পরবর্তীতে ই-নথির মাধ্যমে আবেদন নিষ্পন্ন করে কারাগার পরিদর্শনের নিমিত্ত ছাড়পত্র আবেদনকারীকে প্রদান করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | www.mygov.bd/services/info?id=BDGS-1580707557 | |
| ১২ | Online based Archive Management System<br><br>চালুর তারিখ:<br>১৫ ফেব্রুয়ারি ২০২১ | পুরাতন গুরুত্বপূর্ণ ডকুমেন্টসমূহ সফটকপিতে দীর্ঘমেয়াদে সংরক্ষণের লক্ষ্যে অনলাইন আর্কাইভ ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটি চালু করা হয়েছে। ক্যাটাগরিভিত্তিক পুরাতন গুরুত্বপূর্ণ ডকুমেন্টসমূহ অনলাইনে সহজেই খুঁজে পাওয়া সম্ভব হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | archive.ssd.gov.bd | |
| ১৩ | Online Security Clearance System<br><br>চালুর তারিখ:<br>২০ সেপ্টেম্বর ২০২২ | সুরক্ষা সেবা বিভাগের Online Security Clearance System (SCS) সফটওয়্যারটি বিডা’র One Stop Service (OSS) অনলাইন প্ল্যাটফর্মের সাথে Application Program Interface (API) এর মাধ্যমে সংযুক্ত হয়ে বাংলাদেশে বিদেশি বিনিয়োগকারী এবং পরামর্শদাতা/বিশেষজ্ঞ/কর্মীদের নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হচ্ছে। এছাড়াও সরকারি চাকরির প্রাক-প্রার্থীতা যাচাই SCS সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | scs.ssd.gov.bd | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৪ | Digital Store Management System<br><br>চালুর তারিখ:<br>০৩ মে ২০২৩ | সুরক্ষা সেবা বিভাগের কর্মকর্তাদের দাপ্তরিক চাহিদা (Requisition) অনলাইনে গ্রহণ, অনুমোদন ও বিতরণ কার্যক্রম Digital Store Management System এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | dsms.ssd.gov.bd:8080/dsms/#/login | |
| ১৫ | চাকরি স্থায়ীকরণ<br>(সহজিকৃত সেবা)<br><br>চালুর তারিখ:<br>১৫ অক্টোবর ২০১৯ | অপ্রয়োজনীয় ডকুমেন্ট এবং পদ্ধতিগত ধাপ কমিয়ে চাকরি স্থায়ীকরণ সেবাটি সহজিকরণ করা হয়েছে এবং এর ফলে সুরক্ষা সেবা বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের চাকরি স্থায়ীকরণ কার্যক্রম স্বল্প সময়ের মধ্যে নিষ্পন্ন করা সম্ভব হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয় | |
| ১৬ | দাপ্তরিক টেলিফোন সংযোগ<br>(সহজিকৃত সেবা)<br><br>চালুর তারিখ:<br>১৫ অক্টোবর ২০২০ | অপ্রয়োজনীয় ডকুমেন্ট এবং পদ্ধতিগত ধাপ কমিয়ে দাপ্তরিক টেলিফোন সংযোগ সেবাটি সহজিকরণ করা হয়েছে এবং এর ফলে সুরক্ষা সেবা বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক টেলিফোন সংযোগ প্রদান স্বল্প সময়ের মধ্যে প্রদান করা সম্ভব হচ্ছে। | হ্যাঁ | হ্যাঁ | প্রযোজ্য নয় | |

প্রত্যয়ন করা যাচ্ছে যে, সুরক্ষা সেবা বিভাগে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ কার্যকর/চালু আছে। নাগরিকবৃন্দ/সেবাগৃহীতাগণ প্রত্যাশিত সুফল পাচ্ছেন। ক্রম নং ১ ও ৪ হতে ১০ পর্যন্ত সেবাসমূহ MyGov এবং ই-নথি প্ল্যাটফর্মের মাধ্যমে পরিচালিত হচ্ছে। ক্রম নং ২, ৩, ১১, ১২ ও ১৩ সেবাসমূহ Customize Software (বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের জাতীয় ডাটা সেন্টারে সংরক্ষিত) এর মাধ্যমে পরিচালিত হচ্ছে।